

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা-১০০০।
www.publiclibrary.gov.bd, Fax: 58611775

নং-৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৯.০৯.(অংশ-১). ৩১৬৫

তারিখ : ০৩/০৬/২০২০ খ্রিঃ।
৩৬/৩৩/২০২০

মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা।

মহান বিজয় দিবস ২০২০ উদ্‌যাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা :

ক্র. নং.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	আমাদের বিজয় আমাদের আনন্দ	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	বঙ্গবন্ধু ও বাংলাদেশ	১২০০
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	মুজিব শতবর্ষের বিজয় দিবস	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	বিজয় দিবসের প্রেক্ষাপট ও তাৎপর্য	১৮০০

খ) চিত্রাংকন প্রতিযোগিতা :

ক্র. নং.	গ্রুপ	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়
১.	ক	অনূর্ধ্ব-৭ বছর	উন্মুক্ত
২.	খ	অনূর্ধ্ব-১২ বছর	আমাদের বিজয় দিবস
৩.	গ	প্রতিবন্ধী	উন্মুক্ত

রচনা ও প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য: রচনা প্রতিযোগিতায় ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০, কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। রচনা জমা দেয়ার শেষ তারিখ ১৪.১২.২০২০ খ্রি.।

চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : চিত্রাংকন প্রতিযোগিতায় আর্ট পেপারে স্বহস্তে অংকিত চিত্র সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারে ১৪.১২.২০২০ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/ সরাসরি পৌঁছাতে হবে।

শর্তাবলি :

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্রছাত্রীদের রচনার ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড/স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।



৪৩/৩৩/২০২০
(মোঃ আবুবকর সিদ্দিক)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন : ৯৬৭১২৩৪

ই-মেইল : dg.dpl.2012@gmail.com



বিতরণ :

- ১। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান -কাম-উপপরিচালক/ প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), (সকল)।
- ২। সিনিয়র লাইব্রেরিয়ান/ লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার (সকল)।
- ৩। গ্রন্থাগারিক, বঙ্গবন্ধু সমাধি সৌধ কমপ্লেক্স সরকারি গণগ্রন্থাগার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
- ৪। সহকারী লাইব্রেরিয়ান, উপজেলা সরকারি গণগ্রন্থাগার, বকশীগঞ্জ/ দেওয়ানগঞ্জ, জামালপুর।

নং-৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৯.০৯.(অংশ-১). ১৯৫/২(৭০)
অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

তারিখ : ০২/০৮/২০২০ খ্রিঃ।
২৬/০৯/২০২০

- ১। লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক, পরিসংখ্যান ও ওয়েবপোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর।
- ২। অফিস নথি।


২৬/০৯/২০২০
(সোনিয়া চৌধুরী)
লাইব্রেরিয়ান (পাঠকসেবা)
ফোন: ৫৮৬১৭০১২